

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.১৫-১৭৭

তারিখ : ০৮ আষাঢ় ১৪২২
২২ জুন ২০১৫

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম (পরিচিতি নম্বর ৬০১৯২৯), নির্বাহী প্রকৌশলী (চ: দাঃ), হবিগঞ্জ সড়ক বিভাগ তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ২৬.০৬.২০১৪ তারিখের ৩৫.০০.০০০০.০১৫. ২০.০৫৬.১৩-৩৮৩ সংখ্যক স্মারকের নির্দেশনা অমান্য করে ২০১২-২০১৩ অর্থবছরে আর কোন বকেয়া নেই মর্মে প্রত্যয়ন পত্র দাখিল না করে হবিগঞ্জ সড়ক বিভাগের ১৯টি কাজের বিল পরিশোধ করেন;

যেহেতু উপরন্তু পুনরায় গত ০৫.০৮.২০১৪ তারিখে ২০১২-২০১৩ অর্থবছরের শায়েস্টাগঞ্জ-হবিগঞ্জ-নবীগঞ্জ-শেরপুর (আউশকান্দি) সড়কের ৩৪তম (অংশ) এবং ৩৬তম (অংশ) কিলোমিটারে কাজের বিষয় উল্লেখ করে ২৩.১৫ লক্ষ টাকা বকেয়া বিল পরিশোধের প্রস্তাব করা হয়;

যেহেতু ২০১২-২০১৩ অর্থবছরের বকেয়ার তালিকায় উক্ত কাজের বকেয়া বিল ভুলবশতঃ অন্তর্ভুক্ত করেননি মর্মে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন গত ২৮.০৮.২০১৪ তারিখের ২১৫৬ সংখ্যক স্মারকে প্রধান প্রকৌশলী-কে অবহিত করেন, যা সরকারি কাজে চরম অবহেলার সামিল;

যেহেতু ভুলবশতঃ বকেয়া বিল অন্তর্ভুক্ত না করায় প্রধান প্রকৌশলী গত ১৮.০১.২০১৫ তারিখের ৮৭৮-প্র: প্র: সংখ্যক স্মারক মারফত বকেয়া পরিশোধের অনুমতিসহ ২৩.১৫ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করেন;

যেহেতু জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম সরকারি নির্দেশনা অনুসারে প্রত্যয়ন না করে বিল পরিশোধ করে সরকারি আদেশ অমান্য করেছেন এবং পরবর্তীতে ভুলবশতঃ কাজের বিল তালিকাভুক্ত না করে দায়িত্বে চরম অবহেলা প্রদর্শন করেছেন;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১৮/২০১৫ বুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপর্যুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ০৪.০৫.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০২.০৬.২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

চলমান পাতা-২
৫

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট দলিল দষ্টাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে, যে বকেয়ার তালিকা প্রস্তুতের সময় বাদ ঘাওয়া বিলটির বিষয়ে অফিস প্রধান হিসেবে নির্বাহী প্রকৌশলী দায়িত্ব এড়াতে পারেন না। সরকারি নির্দেশনা অনুসরণে প্রত্যয়ন না করে বিল পরিশোধ এবং ২৩.১৫ লক্ষ টাকার একটি বিল প্রণীত তালিকাতে অন্তর্ভুক্ত না করায় জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম দোষী;

সেহেতু এক্ষণে, জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম (পরিচিতি নম্বর ৬০১৯২৯), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), হবিগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক লম্বু দণ্ড হিসেবে তিরঙ্কার (censure) দণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এম, ছিদ্রিক)

সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.১৫-১৭৭/১(১৪)

তারিখ : ০৮ আষাঢ় ১৪২২
২২ জুন ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজাপন্টির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা-বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা (প্রজাপন্টি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমসু ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজাপন্টি প্রবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিয়ন্ত্রণকারী ব্যাবহার প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১২. জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম (পরিচিতি নম্বর ৬০১৯২৯), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, হবিগঞ্জ
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজাপন্টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
(স্বাক্ষর কর্তা)

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮